**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ত্রিপুরা সরকার আসামের শিক্ষার্থীদের জন্য একটি বিশেষ সাংস্কৃতিক বিনিময় কর্মসুচী চালু করবে ।**

**(২) কেন্দ্রীয় সরকার রাজ্যে আয়ুর্বেদ মেডিকেল কলেজ এবং হোমিওপ্যাথি মেডিকেল কলেজ স্থাপনের জন্য মোট ১৪০ কোটি টাকা মঞ্জুর করেছে ।**

**(৩) কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, MGNREGA প্রকল্পে সরকার চলতি অর্থবছরে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে ৬৮ হাজার ৩৯৩ কোটি ৬৭ লক্ষ টাকা প্রদান করেছে ।**

**(৪) সৈয়দ মুস্তাক আলী টি-২০ জাতীয় ক্রিকেটে অবশেষে জয় পেলো ত্রিপুরা ।**

*************************************

**Assam Diwas LOK BHAWAN :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ত্রিপুরা সরকার আসামের শিক্ষার্থীদের জন্য একটি বিশেষ সাংস্কৃতিক বিনিময় কর্মসুচী চালু করবে। আগামী বছর থেকে এই কর্মসুচী শুরু হবে। আজ আগরতলায় লোকভবনে অসম দিবস উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি আসামের বহু প্রাচীন ও ঐতিহ্যময় সংস্কৃতির উল্লেখ করে বলেন, আসামের গৌরবময় ইতিহাস ও সংস্কৃতি ভারতবাসীর কাছে গর্বের বিষয়। আসামের প্রতিষ্ঠাতা চৌলুঙ সুকাফার অবদানের কথা উল্লেখ করে রাজ্যপাল বলেন, সুকাফার যাত্রা শুধুমাত্র একটি অভিবাসন ছিল না তা ছিল বৈচিত্রের মাঝে ঐক্যের এক অসাধারন কাহিনী।

#######Byte-Governor######

অনুষ্ঠানে কর্মসূত্রে ত্রিপুরায় বসবাসরত আসামের নাগরিকদের সংবর্ধনা জানান রাজ্যপাল।

****************************

**CM :**

ত্রিপুরায় স্বাস্থ্যশিক্ষার বিস্তারে বড় পদক্ষেপ হিসেবে কেন্দ্রীয় সরকার আয়ুষ মন্ত্রকের মাধ্যমে আয়ুর্বেদ মেডিকেল কলেজ এবং হোমিওপ্যাথি মেডিকেল কলেজ স্থাপনের জন্য মোট ১৪০ কোটি টাকা মঞ্জুর করেছে। আজ সামাজিক মাধ্যমে এখবর জানিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, নতুন দু'টি মেডিকেল কলেজ আগামী শিক্ষাবর্ষ থেকেই চালু করার লক্ষ্যে উচ্চপর্যায়ের বৈঠক হয়েছে। বৈঠকে পরিকল্পনা চূড়ান্ত করা এবং প্রয়োজনীয় সব প্রক্রিয়া দ্রুত শুরু করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ত্রিপুরার উন্নত স্বাস্থ্যসেবা ও শিক্ষাক্ষেত্রে এই উদ্যোগকে ঐতিহাসিক উল্লেখ করে, এর জন্য মুখ্যমন্ত্রী ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে.পি নাড্ডা এবং আয়ুষ মন্ত্রী প্রতাপরাও যাদব-এর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

****************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ কৃষিক্ষেত্রে আত্মনির্ভরতা অর্জনের উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ মোহনপুরে কৃষকদের হাতে বিভিন্ন আধুনিক কৃষিযন্ত্রপাতি, চারা গাছ এবং স্প্রে মেশিন বিতরন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। কৃষিমন্ত্রী মোহনপুর কৃষি মহকুমা এলাকার কৃষকদের হাতে কুফরি হিমালিন জাতের আলুর বীজও তুলে দেন। পাশাপাশি ব্লক লেভেল ফার্মার অ্যাওয়ার্ড, কৃষক বন্ধু এপয়েন্টমেন্ট দেওয়া হয়।

****************************

**Package Story-CCA Tour :**

গোষ্ঠীভিত্তিক বন ও জীববৈচিত্র্য সংরক্ষণকে শক্তিশালী করার লক্ষ্যে, ভারত-জার্মান বিকাশ সহযোগিতার দ্বিপাক্ষিক প্রকল্প ক্রেক্ল্যাট বা রাজ্যে বন নির্ভর জনগোষ্ঠির জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় সক্ষম বন বাস্তুব্যবস্থা,জীববৈচিত্র্য এবং অভিযোজন সামর্থ্য সংক্রান্ত উদ্যোগের কাজ এগিয়ে চলেছে। প্রকল্পের আওতায় ত্রিপুরার ২৬ সদস্যের একটি প্রতিনিধি দল সম্প্রতি নাগাল্যান্ডের CCA বা জনজাতিগোষ্ঠী পরিচালিত সংরক্ষিত এলাকাসমূহে শিক্ষামূলক অভিজ্ঞতা অর্জনের জন্য আট দিনের সফর সম্পন্ন করেছে। এনিয়ে শুনুন একটি প্রতিবেদন।

#######VC########

******************************

**Rally-LIC :**

এলআইসি সম্পর্কে মানুষকে তথ্য প্রদান করতে ও মহিলা ক্ষমতায়নের জন্য গৃহীত বীমা সখী যোজনা সম্পর্কে সচেতন করে তুলতে আজ আগরতলায় এলআইসির পক্ষ থেকে একটি রেলি অনুষ্ঠিত হয়। এল.আই.সি'র আধিকারিক শাশ্বত পাল জানান বীমা সখী যোজনা প্রধানমন্ত্রী কর্তৃক ভারত জুড়ে চালু করা একটি জাতীয় উদ্যোগ। উত্তর-পূর্বাঞ্চল এবং বিশেষ করে ত্রিপুরায় এই যোজনা সম্প্রসারণের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। তিনি বলেন, এই প্রকল্পের লক্ষ্য গ্রামীণ এলাকায় মহিলাদের মহিলা ক্যারিয়ার এজেন্ট হিসাবে নিয়োগের মাধ্যমে ক্ষমতায়নের ব্যবস্থা করে দেওয়া।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**MGNREGA :**

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি প্রকল্প, MGNREGA-র অধীনে সরকার চলতি অর্থবছরে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে ৬৮ হাজার ৩৯৩ কোটি ৬৭ লক্ষ টাকা দেওয়া হয়েছে। লোকসভায় এক লিখিত জবাবে মন্ত্রী জানান, এই মোট অর্থের মধ্যে ৫৭ হাজার ৮৫৩ কোটি ৬২ লক্ষ টাকা মজুরির জন্য এবং ১০ হাজার ৫৪০ কোটি ৫ লক্ষ টাকা উপকরণ ও প্রশাসনের জন্য বরাদ্দ করা হয়েছে। তিনি বলেন, এই প্রকল্পের অধীনে, মজুরির অর্থ সরকার সরাসরি সুবিধা হস্তান্তর ব্যবস্থার মাধ্যমে সুবিধাভোগীদের অ্যাকাউন্টে জমা করে।

****************************

**Kiren Rijiju :**

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, সংসদের কাজ ব্যাহত করার জন্য বিরোধীরা বিভিন্ন বিষয় খুঁজে বের করছে। শ্রী রিজিজু নিবিড় সংশোধন বা SIR বিষয়ে সংসদের কার্যক্রম ব্যাহত করার জন্য বিরোধী দলগুলির নেতাদের সমালোচনা করেন। সংবাদমাধ্যমকে তিনি বলেন সংসদের কার্য তালিকায় বিরোধীদের উত্থাপিত বিষয়গুলি নিয়ে বিতর্কের সংস্থান ও রয়েছে।

######Byte- Kiren Rijiju#####

******************************

**Kashi-Tamil Sangamam :**

উত্তর প্রদেশের বারাণসীতে আজ থেকে কাশী-তামিল সঙ্গমের চতুর্থ পর্ব শুরু হয়েছে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান এবং উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ যৌথভাবে নমো ঘাটে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন, যার লক্ষ্য উত্তর ও দক্ষিণের মধ্যে সম্পর্ক জোরদার করা। কাশী তামিল সঙ্গম চতুর্থ পর্বের মূল ভাবনা "আসুন আমরা তামিল শিখি - তামিল করকলম"। তামিলনাড়ুর ১,৪০০ জনেরও বেশি প্রতিনিধি কাশীতে বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

******************************

**Jyotiraditya-Sanchar Sathi :**

কেন্দ্রীয় টেলিকমমন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ নতুন দিল্লীতে সংবাদ মাধ্যমকে জানান, সঞ্চার সাথী অ্যাপ ক্রেতা সুরক্ষার বিষয়। অনেকে সাধারণ মানুষের সঙ্গে প্রতারণা চলছে। সাধারণ মানুষের টাকা হাতিয়ে নিচ্ছে প্রতারকরা। সঞ্চার সাথী অ্যাপে কোনও নজরদারি বা কল মনিটরিং-এর বিষয় নেই। এই অ্যাপটি অপশনাল। বাধ্যতামূলক নয়।

######Byte- Jyotiraditya Scindia######

*********************************

**Media Sensitisation Workshop :**

উত্তর ত্রিপুরা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে আজ ধর্মনগরে মিডিয়া সংবেদনশীলতা কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার মূল উদ্দেশ্য ছিল জেলা স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের সুবিধা, অগ্রগতি এবং বাস্তবায়ন সংক্রান্ত তথ্য সংবাদমাধ্যমের মাধ্যমে জনসাধারণের কাছে পৌঁছে দেওয়া। কর্মশালায় আয়ুষ্মান ভারত, NP-NCD, AIDS, TB সহ একাধিক স্বাস্থ্য প্রকল্পের বর্তমান অগ্রগতি ও কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

*****************************

**Police-PRAYAS :**

খোয়াই মহিলা থানার ও.সি মীনা দেববর্মা জানিয়েছেন, রাজ্য পুলিশের প্রয়াস কর্মসূচির মাধ্যমে ভালো সাফল্য পাচ্ছে খোয়াই মহিলা থানার পুলিশ। বিগত বছরগুলির তুলনায় ২০২৫ সালে খোয়াইতে মহিলা সংক্রান্ত বিভিন্ন অপরাধ জনিত ঘটনা অনেকাংশেই হ্রাস পাচ্ছে। তিনি বলেন পুলিশ এ বছর মোট ৩২৯টি স্থানে বিভিন্ন ধরনের অপরাধ দমনের জন্য প্রয়াস কর্মসূচির মাধ্যমে প্রচার অভিযান চালিয়েছে। তিনি আরোও জানান বিভিন্ন স্থানে বিট অফিসার নিয়োগের ফলে প্রত্যেকটি এলাকা থেকে খুব দ্রুত অপরাধ জনিত ঘটনার সংবাদ থানায় আসছে এবং সঙ্গে সঙ্গেই তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সুবিধা হচ্ছে।

*****************************

**T-20 Cricket :**

সৈয়দ মুস্তাক আলী টি-২০ জাতীয় ক্রিকেটে অবশেষে জয় পেলো ত্রিপুরা। আসরে গ্রুপের চতুর্থ ম্যাচে আজ ত্রিপুরা হারায় দিল্লিকে। আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ১২ রানে জয় পায়।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.৯ ডিগ্রি সেলসিয়াস।

****************************